বর্ষায় জল জমা রুখতে কাজ শুরু বালিতে

আজকালের প্রতিবেদন

বর্ষায় বালি পুর এলাকার নিকাশি ব্যবস্থা ঠিকঠাক রাখতে জোরকদমে কাজ শুরু করল পুরসভা। বালির বিভিন্ন এলাকার হাইড্রেনগুলি সাফাই করা হল। সেইসঙ্গে রাস্তার ধারের সমস্ত ভ্যাট থেকে জঞ্জাল সাফাই করে পুরো এলাকা ঝাঁ চকচকে করে তোলার কাজ শুরু হল। এলাকার প্রাক্তন কাউন্সিলররা দাঁড়িয়ে থেকে পুরো কাজের তদারকি করলেন। ১২ নম্বর ওয়ার্ডে বেলুড়ের স্টুডিও গলি, রমানাথ ভট্টাচার্য স্ট্রিট-সহ একাধিক রাস্তা সাফাই অভিযানের সমস্ত কাজকর্ম তদারকি করলেন এলাকার প্রাক্তন কাউন্সিলর পল্টু বণিক। এরই সঙ্গে বর্ষায় যাতে রাস্তায় জল না জমে তার জন্য এলাকার সমস্ত নিকাশী নালাগুলিও পরিষ্কার করলেন পুরসভার সাফাইকর্মীরা। উল্লেখ্য, এই ব্যাপারে দিন কয়েক আগে বালির প্রাক্তন কাউন্সিলররা পুরসভার আধিকারিকদের সঙ্গে বৈঠক করেছিলেন। সেখানেই ঠিক হয়েছিল বর্ষায় নিকাশি ব্যবস্থা ঠিক রাখতে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে। সেই অনুযায়ী জোরকদমে কাজ শুরু করে দিল বালি পুরসভা।

PANCHAYAT GENERAL ELECTIONS- 2023

OFFICE OF THE DISTRICT PANCHAYAT ELECTION & DISTRICT MAGISTRATE ALIPURDUAR

In connection wtih the Panchayat General Elections 2023, the name and contact details of the additional two Hon'ble General Observers for Alipurduar district are as follows:

Name of the Hon'ble General Obsever	Block assigned	Mobile No	Landline No. & Fax Number	Office mail id.
Shri Sekhar Sen WBCS (Exe)	Kumargram	7047314777	03564-255120 03564-2555286	apdgeneralobserver3@gmail.com
Shri Pratip Kumar Mandal, WBCS (Exe)	Madarihat-Birpara	9083217080	03564-255120 03564-2555286	apdgeneralobserver3@gmail.com

Sd/-
District Panchayar Election Officer & District Magistrate
Alipurduar

Memo No- 366(2)/DICO/APD
Date- 07.07.23

পঞ্জাব নৈশনল বৈংক (भारत सरकार का उपक्रम) pnb punjab national bank (Govt. of India Undertaking) Oriental United

দাবি বিজ্ঞপ্তি

সার্কল সস্ত্র: উত্তর ২৪ পরগনা
৪৮-এ, যশোর রোড, বারাসত (শেঠ পুকুরের কাছে), পশ্চিমবঙ্গ, পিন-৭০০১২৪

[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩(১) সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩(২) ধারাধীনে জারিকৃত]

নিম্নলিখিত ঋণগ্রহীতাগণ/ জামিনদারগণ দ্বারা পাঞ্জাব ন্যাশনাল ব্যাংক ('সুরক্ষিত ঋণদাতা')-এর অনুকূলে স্বাক্ষরিত নথিপত্রের প্রেক্ষিতে মঞ্জুরকৃত ঋণের সুবিধাবলির ক্ষেত্রে জামিনস্বার্থ প্রয়োগ সম্পর্কিত এই বিজ্ঞপ্তিটি জারি করা হচ্ছে।

এতদ্দ্বারা সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নলিখিত ঋণগ্রহীতাগণ উক্ত সুরক্ষিত ঋণদাতার থেকে গৃহীত তাঁদের ঋণ/ ধারের সুবিধাবলির সুদ ও আসল পরিশোধে খেলাপি হয়েছেন এবং এই কারণে তাঁদের অ্যাকাউন্টগুলি অনুৎপাদক পরিসম্পদ (এনপিএ) হিসেবে শ্রেণিবদ্ধ হয়েছে। তাঁদের সর্বশেষ জ্ঞাত ঠিকানায় সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ১৩(২) ধারাধীনে বিজ্ঞপ্তিসমূহ প্রেরণ করা হয়েছিল। তবে, সেগুলি অবিলিকৃত অবস্থায় ফেরত এসেছে এবং এই কারণে এই ব্যাপারে তাঁদের এই প্রকাশ্য বিজ্ঞপ্তির মাধ্যমে অবগত করানো হচ্ছে।

ক্রম নং	ক) অ্যাকাউন্ট/ ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)-এর নাম ও ঠিকানা খ) ব্রাঞ্চের নাম	সুরক্ষিত পরিসম্পদের বিবরণ	ক) এনপিএর তারিখ খ) বকেয়া অর্থাঙ্ক গ) দাবি বিজ্ঞপ্তির তারিখ
১	ক) আবু বক্কর সিদ্দিক ওরফে আবু বক্কর ছিদ্দিক পিতা- গোলাম সারোয়ার নন্দীপাড়া, গ্রাম- কুচেমোড়া, পোঃঅঃ- দেবালয়, থানা- দেগঙ্গা, পিন- ৭৪৩৪২৪ খ) পিএনবি (পূর্বতন ইউবিআই) বেড়াচাঁপা ব্রাঞ্চ	নিম্নোক্ত জমি ও বাড়ির সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: মৌজা- নন্দীপাড়া, কুচেমোড়া, জে এল নং ৬৭, সাবেক খতিয়ান নং ২৪৩, ৪২৫, ৯৫, হাল নিজ এল আর খতিয়ান নং ৩৯৪০ (০৯.০৪.২০১৫ তারিখের মিউটেশন সার্টিফিকেট অনুযায়ী), এল আর দাগ নং ১২৫৭, ১২৬১, ১২৬১/১৪৮০, বন্ধক রাখা মোট জমির পরিমাপ ৪.৫০ ডেসিমেল, এডিএসআরও- দেগঙ্গায় বই নং I, ভলিউম নং ৫৩, পৃষ্ঠা নং ৩০৩ থেকে ৩১২-তে নথিভুক্ত ২০০০ সালের রেজিস্টার্ড বিক্রয় দলিল নং ২৬২১ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারী আবু বক্কর ছিদ্দিক। সম্পত্তির চৌহদ্দি: উত্তর- গোলাম সারোয়ারের সম্পত্তি; দক্ষিণ- অন্যের সম্পত্তি; পূর্ব- ৮ ফুট চওড়া কমন প্যাসেজ; পশ্চিম- আরিজুলের সম্পত্তি। দ্রষ্টব্য: ২১.১০.২০২১ তারিখের পূর্বতন ১৩(২) বিজ্ঞপ্তিটি প্রযুক্তিগত কারণে প্রত্যাহার করা হল।	ক) ৩১.০৩.২০২১ খ) ₹১৩,৩৪,০৯৮.৩৪ (তেরো লক্ষ চৌত্রিশ হাজার আটানব্বই টাকা এবং চৌত্রিশ পয়সা মাত্র), ৩০.০৮.২০২২ অনুযায়ী + ০১.০৮.২০২২ থেকে বকেয়া সুদ গ) ৩০.০৮.২০২২
২	ক) শুভঙ্কর সাহা মেসার্স আদি ধর এজেন্সির প্রোপ্রাইটর ৩৮/২/১, বাসুদেবপুর রোড, পোঃঅঃ- শ্যামনগর, থানা- জগদ্দল, জেলা- উত্তর ২৪ পরগনা, পিন- ৭৪৩১২৭ জামিনদার: শ্রীবাস চন্দ্র সাহা ৩৮/২/১, বাসুদেবপুর রোড, পোঃঅঃ- শ্যামনগর, থানা- জগদ্দল, জেলা- উত্তর ২৪ পরগনা, পিন- ৭৪৩১২৭ খ) পিএনবি (পূর্বতন ইউবিআই) শ্যামনগর ব্রাঞ্চ	উপরিস্থিত বাড়ি সমেত নিম্নোক্ত ২ কাঠা ২ ছটাক ডাঙ্গা জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- মূলাজোড়, জে এল নং ১৮, খতিয়ান নং ৫৭৬, দাগ নং ৫৬০ ও ৫৭০, ভাটপাড়া পুরসভার ২৫ নং ওয়ার্ডের এলাকাধীন, হোল্ডিং নং ৩৮/২/১, বাসুদেবপুর রোড, থানা- জগদ্দল, জেলা- উত্তর ২৪ পরগনা, বই নং ১, ভলিউম নং ৩৯, পৃষ্ঠা নং ২৭৮ থেকে ২৮২-তে নথিভুক্ত ১৯৭৯ সালের দলিল নং ২৬৭৮। সম্পত্তির চৌহদ্দি: উত্তর- প্রয়াত মনমোহন পালের বাড়ি; দক্ষিণ- পুরসভার রাস্তা; পূর্ব- দীপক ঘোষ মজুমদারের বাড়ি; পশ্চিম- পুরসভার রাস্তা। সম্পত্তির স্বত্বাধিকারী শ্রীবাস চন্দ্র সাহা।	ক) ৩০.১২.২০২২ খ) ₹১,৪৭,১০৯.৯১ (এক লক্ষ সাতচল্লিশ হাজার একশো নয় টাকা এবং একানব্বই পয়সা মাত্র), ১২.০৬.২০২৩ অনুযায়ী + ০১.০৬.২০২৩ থেকে বকেয়া সুদ গ) ১২.০৬.২০২৩
৩	ক) সজল তরফদার মেসার্স অসীমা কনস্ট্রাকশনের প্রোপ্রাইটর পিতা- প্রয়াত স্বপন তরফদার জামিনদার: অসীমা তরফদার (দেবনাথ), স্বামী- সজল তরফদার উভয়ের ঠিকানা: ২৯৩, মহঃ কালাচাঁদ রোড (মিলনগড়), পোঃঅঃ- ঘোলা বাজার, থানা- ঘোলা, জেলা- উত্তর ২৪ পরগনা, কলকাতা- ৭০০১১১ খ) পিএনবি (পূর্বতন ইউবিআই) টিটাগড় ব্রাঞ্চ	সামান্য কমবেশি প্রায় ১৪৮২ বর্গফুট মাপের কাঠামো সহ প্রায় ৫ কাঠা ৩ ছটাক ৩৮ বর্গফুট 'বাস্তু' জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- ঘোলা, জে এল নং ১৪, রে সা নং ১০৩, তৌজি নং ১৭২, আর এস খতিয়ান নং ১৩৪৪, এল আর খতিয়ান নং ১১৮১, আর এস দাগ নং ৫৫১, এল আর দাগ নং ৭২৪, দলিল সংলগ্ন স্কেচ ম্যাপে লাল দাগ দিয়ে চিহ্নিত, পানিহাটি পুরসভার ২৬ নং ওয়ার্ডের এলাকাধীন, থানা- ঘোলা, এডিএসআর- সোদপুর, জেলা- উত্তর ২৪ পরগনা, ডিএসআর-১, উত্তর ২৪ পরগনায় বই নং ১, সিডি ভলিউম নং ৩৫, পৃষ্ঠা নং ২৫০ থেকে ২৬৩-তে নথিভুক্ত ২০১৪ সালের রেজিস্টার্ড দলিল নং ০৬২৭৩। সম্পত্তির চৌহদ্দি: উত্তর- দলিলের বিক্রেতার সম্পত্তি; দক্ষিণ- ৩০ ফুট চওড়া দ্বারিক ব্যানার্জি রোড; পূর্ব- ঘোলা ফিজিক্যাল অ্যান্ড কালচারাল অ্যাসোসিয়েশন ক্লাব; পশ্চিম- পুরসভার ১২ ফুট চওড়া রাস্তা। সম্পত্তির স্বত্বাধিকারী সজল তরফদার।	ক) ০১.০৫.২০২৩ খ) ₹২৭,২৪,৫২২.৮৯ (সাতাশ লক্ষ চব্বিশ হাজার পাঁচশো বাইশ টাকা এবং উননব্বই পয়সা মাত্র), ১৮.০৫.২০২৩ অনুযায়ী + ০১.০৫.২০২৩ থেকে বকেয়া সুদ গ) ১৮.০৫.২০২৩
৪	ক) বাবলু বিশ্বাস, পিতা- বিদ্যুৎ বিশ্বাস, দক্ষিণ চাতরা (পূর্বপাড়া), পোঃঅঃ- দক্ষিণ চাতরা (দেবু হালদার ও অসীম মিস্ত্রির বাড়ির কাছে), থানা- বাদুড়িয়া, জেলা- উত্তর ২৪ পরগনা, পিন- ৭৪৩২৪৭ জামিনদার: পম্পা বিশ্বাস, স্বামী- বাবলু বিশ্বাস, দক্ষিণ চাতরা (পূর্বপাড়া), পোঃঅঃ- দক্ষিণ চাতরা (দেবু হালদার ও অসীম মিস্ত্রির বাড়ির কাছে), থানা- বাদুড়িয়া, জেলা- উত্তর ২৪ পরগনা, পিন- ৭৪৩২৪৭ খ) পিএনবি (পূর্বতন ইউবিআই) এস সি কলেজ ব্রাঞ্চ	উপরিস্থিত বাড়ি সমেত সামান্য কমবেশি ৮.২৫ শতক ডাঙ্গা জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- উত্তর চাতরা, জে এল নং ৩, তৌজি নং ২০১৫, আর এস খতিয়ান নং ৭২৭, এল আর খতিয়ান নং ১২৫, এল আর দাগ নং ১২৭৬, থানা ও এডিএসআর- বাদুড়িয়া, সাব ডিভিশন- বসিরহাট, জেলা- উত্তর ২৪ পরগনা, এডিএসআরও- বাদুড়িয়াতে বই নং ১, সিডি ভলিউম নং ৩, পৃষ্ঠা নং ৪৫১ থেকে ৪৬০-তে নথিভুক্ত ২০১০ সালের রেজিস্টার্ড বিক্রয় দলিল নং ০০৬০০। সম্পত্তির চৌহদ্দি: উত্তর- সৌমেন সরকার ও সুজিত বিশ্বাসের সম্পত্তি; দক্ষিণ- অমর মিস্ত্রির সম্পত্তি এবং ৬ ফুট চওড়া রাস্তা; পূর্ব- আশিস মিস্ত্রির সম্পত্তি; পশ্চিম- নমিতা চক্রবর্তীর সম্পত্তি। সম্পত্তির স্বত্বাধিকারী বাবলু বিশ্বাস।	ক) ০৬.০২.২০২৩ খ) ₹৯,২৮,৫৫৫.৫০ (নয় লক্ষ আঠাশ হাজার পাঁচশো পঞ্চান্ন টাকা এবং পঞ্চাশ পয়সা মাত্র), ১০.০৪.২০২৩ অনুযায়ী + ০১.০৪.২০২৩ থেকে বকেয়া সুদ গ) ১০.০৪.২০২৩
৫	ক) মহঃ সইফউদ্দিন পিতা- মহঃ ফজলুর রহমান সইফউদ্দিন ট্রেডার্সের প্রোপ্রাইটর আড়খালি, কাছারি, উত্তরপাড়া, বিএসএনএল এর কাছে (জাতীয় সড়ক নং ৩৪, আলাউদ্দিন সাহেবের বাড়ির কাছে), পোঃঅঃ- আড়খালি, থানা- আমডাঙ্গা, জেলা- উত্তর ২৪ পরগনা, পিন- ৭৪৩২২১ খ) পিএনবি (পূর্বতন ইউবিআই) আমডাঙ্গা ব্রাঞ্চ	উপরিস্থিত বাড়ি সমেত ২ শতক ৯ বর্গফুট বা প্রায় ৮৮০ বর্গফুট ডাঙ্গা জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- আড়খালি, জে এল নং ৬২, খতিয়ান নং ৫৪২, নিজ এল আর খতিয়ান নং ১৪৪৭ (১৩.১১.২০০৭ তারিখের মিউটেশন সার্টিফিকেট অনুযায়ী), এল আর দাগ নং ২৯৭, থানা ও এডিএসআর- আমডাঙ্গা, জেলা- উত্তর ২৪ পরগনা, এডিএসআরও- আমডাঙ্গা-তে বই নং ১, ভলিউম নং ১৮, পৃষ্ঠা নং ৯৫ থেকে ১০২-তে নথিভুক্ত ২০০০ সালের রেজিস্টার্ড দানদলিল নং ৯২৭। সম্পত্তির চৌহদ্দি: উত্তর- আলাউদ্দিন সাহেবের সম্পত্তি; দক্ষিণ- হাফিজা বিবির সম্পত্তি; পূর্ব- অন্যের গৃহসম্পত্তি; পশ্চিম- জাতীয় সড়ক নং ৩৪। সম্পত্তির স্বত্বাধিকারী মহঃ সইফউদ্দিন।	ক) ৩০.১২.২০২২ খ) ₹৭,৫২,৮১৩.৫৭ (সাত লক্ষ বাহান্ন হাজার আটশো তেরো টাকা এবং সাতান্ন পয়সা মাত্র), ২১.০৪.২০২৩ অনুযায়ী + ০১.০৪.২০২৩ থেকে বকেয়া সুদ গ) ২১.০৪.২০২৩
৬	ক) ১. মেসার্স টিউলিপ ইমপেক্স প্রোপ্রাইটর: শ্রী সমিত বিশ্বাস, পিতা- শ্রী মুকুন্দলাল বিশ্বাস ২. শ্রী সমিত বিশ্বাস মেসার্স টিউলিপ ইমপেক্সের প্রোপ্রাইটর উভয়ের ঠিকানা: ১৪৮, যশোর রোড, সুকান্তনগর ফার্স্ট লেন, কলকাতা- ৭০০১৩৩ প্রয়াত সবিতা বিশ্বাস (মেসার্স টিউলিপ ইমপেক্সের জামিনদার) প্রয়াত হওয়ায় প্রতিনিধিত্ব করছেন আইনি উত্তরাধিকারীগণ ৩. শেলি বিশ্বাস, প্রয়াত সবিতা বিশ্বাসের কন্যা ৩৬৮, বঙ্কিম চ্যাটার্জি রোড, নিউ ব্যারাকপুর, কলকাতা- ৭০০১৩১ ৪. মিলি বিশ্বাস, প্রয়াত সবিতা বিশ্বাসের কন্যা ৩৬৮, বঙ্কিম চ্যাটার্জি রোড, নিউ ব্যারাকপুর, কলকাতা- ৭০০১৩১ ৫. শ্রী সমিত বিশ্বাস, প্রয়াত সবিতা বিশ্বাসের পুত্র ৩৬৮, বঙ্কিম চ্যাটার্জি রোড, নিউ ব্যারাকপুর, কলকাতা- ৭০০১৩১ খ) পিএনবি (পূর্বতন ইউবিআই) টিটাগড় ব্রাঞ্চ	উপরিস্থিত দোতলা বাড়ি সমেত ৫ কাঠা জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- মাসুন্দা, জে এল নং ৩৪, সি এস প্লট নং ৯৫০, ৯৫২, ৯৫৩ (অংশ), ই/পি নং ২৬৬, এল আর খতিয়ান নং ২০০৮, এল আর দাগ নং ২৮৩০ (বিএল এবং এলআরও খাজনা রসিদ নং ৮৬৯৪৩৪২ অনুযায়ী), নিউ ব্যারাকপুর পুরসভার ১২ নং ওয়ার্ডের এলাকাধীন, হোল্ডিং নং ৩৬৮, বি সি রোড, পোঃঅঃ ও থানা- নিউ ব্যারাকপুর, জেলা- উত্তর ২৪ পরগনা, কলকাতা- ৭০০১৩১, সেকেন্ড জয়েন্ট রেজিস্ট্রার- ব্যারাকপুরে বই নং ১, ভলিউম নং ১৯, পৃষ্ঠা নং ১৫৭ থেকে ১৬২-তে নথিভুক্ত ১৯৮৩ সালের নিজ দলিল নং I-১১৮৪ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারিণী শ্রীমতী সবিতা বিশ্বাস, স্বামী- শ্রী মুকুন্দলাল বিশ্বাস। সম্পত্তির চৌহদ্দি (দলিল অনুযায়ী): উত্তর- রাস্তা; দক্ষিণ- রাস্তা; পূর্ব- এলওপি নং ২৬৭; পশ্চিম- এলওপি নং ২৬৮। দ্রষ্টব্য: ৩০.০৬.২০২১ তারিখ সংবলিত সারফায়েসি অ্যাক্টের অধীনে আগে জারিকৃত ১৩(২) ধারাধীন বিজ্ঞপ্তিটি প্রযুক্তিগত কারণে প্রত্যাহার ও বাতিল করা হল।	ক) ৩১.০৩.২০২১ খ) ₹৩৪,১৫,৪১০.১৬ (চৌত্রিশ লক্ষ পনেরো হাজার চারশো দশ টাকা এবং ষোল পয়সা মাত্র), ১০.০৪.২০২৩ অনুযায়ী + ০১.০৪.২০২৩ থেকে বকেয়া সুদ গ) ১০.০৪.২০২৩

সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর সংস্থান অনুযায়ী এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আজ পর্যন্ত সুদসমেত যাবতীয় বকেয়া অর্থাঙ্ক পুরোপুরি আদায় দেওয়ার জন্য উপরিলিখিত ঋণগ্রহীতাগণের প্রতি পরামর্শ দেওয়া হচ্ছে। উক্ত অ্যাক্টের ১৩(১৩) ধারা অনুযায়ী তাঁদের আরও জানানো হচ্ছে যে, এই ব্যাঙ্কের আগাম লিখিত অনুমোদন ছাড়া ওপরে উল্লিখিত সুরক্ষিত পরিসম্পদগুলি তাঁরা বিক্রি, লিজ বা অন্য কোনও পদ্ধতিতে (সাধারণ কারবারের পদ্ধতি বাদে) হস্তান্তর করতে পারবেন না। তাঁদের জ্ঞাতার্থে আরও জানানো যাচ্ছে যে, উক্ত অ্যাক্টের সংস্থান অনুযায়ী এই বিধিবদ্ধ স্থিতাবস্থা/বিধিনিষেধ লঙ্ঘনের ঘটনা অপরাধ হিসেবে গণ্য হয়। যদি কোনও কারণে উপরিলিখিত সুরক্ষিত পরিসম্পদগুলি সাধারণ ব্যবসায়িক কারবারের মাধ্যমে বিক্রি করা বা লিজে দেওয়া হয়, তাহলে সেই বিক্রয়লব্ধ অর্থাঙ্ক বা আদায়ীকৃত উপার্জন এই ব্যাঙ্কে জমা দিতে/দাখিল করতে হবে। এমন ধরনের কোনও আদায়/উপার্জনের যথাযথ হিসেব দাখিল করতেও তাঁরা বাধ্য থাকবেন।

তারিখ: ০৮.০৭.২০২৩
স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

বর্ষায় সাপের উপদ্রব

সুন্দরবনে ভোটকর্মীদের জন্য কার্বলিক অ্যাসিড

গৌতম চক্রবর্তী

ক্যানিং, ৭ জুলাই

বর্ষায় সাপের উপদ্রব থেকে ভোটকর্মীদের বাঁচাতে অভিনব উদ্যোগ নিল প্রশাসন। তাঁদের হাতে তুলে দেওয়া হল কার্বলিক অ্যাসিডের বোতল। এমন অভিনব ব্যবস্থায় স্বস্তিতে সুন্দরবনে ভোটকর্মীরা। সাধারণত বর্ষার শুরুতেই সুন্দরবন এলাকায় বিষধর সাপের উপদ্রব বেড়ে যায়। বিশেষ করে কালাচ ও কেউটে সাপের উপদ্রব। প্রতিনিয়ত সাপের কামড়ে আক্রান্ত হন এলাকার মানুষ। এদিকে আজ শনিবার সকাল থেকে শুরু হবে পঞ্চায়েত নির্বাচন। ভোটারদের ভোটদান পর্ব। শুক্রবার সকাল থেকে দক্ষিণ ২৪ পরগনার সুন্দরবন এলাকার বিভিন্ন বুথে বুথে পৌঁছে গিয়েছেন ভোটকর্মীরা। তাঁরা বুথেই রাত কাটাবেন। ফলে সাপ কামড়োনোর আশঙ্কাও রয়েছে। সাপের কামড়ের হাত থেকে রেহাই দিতে এখানকার ভোটকর্মীদের হাতে নির্বাচন কমিশনের পক্ষ থেকে দেওয়া হল কার্বলিক অ্যাসিড। রাতে বুথের মধ্যে ঢুকে যাতে বিষধর কালাজ বা কেউটে ভোটকর্মীদের কামড়ে দিতে না পেরে তার জন্যই এই ব্যবস্থা। কারন ভোটকর্মীরা সাপের কামড়ে আক্রান্ত হলে ভোট গ্রহণ বানচাল হতে পারে। তাই কোনওরকম ঝুঁকি নিতে নারাজ কমিশন। এই প্রসঙ্গে ক্যানিং মহকুমা হাসপাতালের সর্প বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ সমরেন্দ্রনাথ রায় বলেন, 'সাপের উপদ্রব থেকে ভোটকর্মীদের বাঁচানোর জন্য যে উদ্যোগ রাজ্য নির্বাচন কমিশন নিয়েছে তা অত্যন্ত প্রশংসনীয়। বিশেষ করে বর্ষাকালে মাঠে ঘাটে জল জমে যাওয়ায় সাপেদের বাসস্থান সংক্ষিপ্ত হয়ে যায়। সেই কারণেই সাপের উপদ্রব কয়েক গুণ বেড়ে যায়। রাতে অন্ধকারে বুথের মধ্যে আক্রান্ত হতে পারেন ভোটকর্মীরা। কমিশনের পক্ষ থেকে কার্বলিক অ্যাসিড তাঁদের হাতে তুলে দেওয়ায় সেই বিপদ আর থাকছে না। এটা মনে রাখতে হবে, এশিয়া মহাদেশে তীব্র বিষধর ফণাহীন সাপ হল কালাচ। ৯৯ শতাংশ ক্ষেত্রে এই সাপ বিছানায় ঘুমিয়ে থাকার সময় কামড় দেয়। সুন্দরবন এলাকায় তার প্রভাব এবং আধিপত্য অত্যধিক। কালাজ সাপ কামড়ালে ক্ষতস্থান ফোলা, জ্বালা, যন্ত্রণা, ব্যথা কোনও কিছুই অনুভব করা যায় না। এমনকি ক্ষতস্থানে কোনও চিহ্ন বা দাগ থাকে না। উপসর্গ হিসাবে পেট ব্যথা, শরীরের গাঁটে গাঁটে ব্যথা, খিঁচুনিভাব এবং দু'চোখের পাতা পড়ে আসাই কালাচ সাপ কামড়ের একমাত্র লক্ষণ।

নতুন দায়িত্বে বিবেক ত্যাগী

ন্যাশনাল ক্যাডেট কর্পস (এনসিসি) কলকাতা ডাইরেক্টরেটে অ্যাডিশনাল ডিরেক্টর জেনারেল হিসেবে দায়িত্ব নিলেন মেজর জেনারেল বিবেক ত্যাগী। ৬ জুলাই তিনি দায়িত্বভার বুঝে নেন কলকাতার নিউ আলিপুরের অফিসে। ইনফ্যান্ট্রি অফিসার হিসেবে তাঁর প্রভূত অভিজ্ঞতা রয়েছে। জঙ্গি দমনের ক্ষেত্রেও তাঁর গুরুত্বপূর্ণ অবদান আছে। কলকাতার এনসিসি ডাইরেক্টরেট এনসিসি ক্যাডেটদের খুবই গুরুত্ব দিয়ে প্রশিক্ষণ দেয়। নিয়মানুবর্তীতার পাশাপাশি জাতীয়তাবোধ এবং সামাজিক দায়িত্ববোধের কথা শেখায়। মেজর জেনারেল বিবেক ত্যাগী পশ্চিমাঞ্চলের জেনারেল অফিসার কম্যান্ডিং (জিওসি) হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

ইঞ্জিনে ত্রুটি, উড়ান ফিরল দিল্লিতেই

যান্ত্রিক ত্রুটির কারণে দিল্লি থেকে কলকাতায় পৌঁছতে পারল না বিস্তারা এয়ারলাইনসের বিমান। এদিন বিস্তারার প্রতিনিধি জানান, শুক্রবার বিকেলে উড়ান ইউকে ৭০৭ কলকাতায় পৌঁছনোর জন্য দিল্লি থেকে রওনা হয়। টেক অফের কিছু পরেই বিমানে যান্ত্রিক ত্রুটি ধরা পড়ে। সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে পাইলট বিমানটিকে দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে ফিরিয়ে নিয়ে যান। বিমানটি নিরাপদেই অবতরণ করে। বিমানে যাত্রী ছিলেন ১৬০ জন। তবে সূত্রের খবর, ইঞ্জিনে সমস্যা দেখা দেওয়াতেই ওই উড়ান জরুরিকালীন অবতরণ করে। তখনই একটি বিকল্প বিমানের ব্যবস্থা করা হয় বলে জানিয়েছেন বিস্তারার মুখপাত্র।

২১ জুলাইয়ের প্রস্তুতি শুরু হাওড়ায়

২১ শে জুলাইয়ের সমাবেশের প্রস্তুতি শুরু হয়ে গেল হাওড়ায়। এই উপলক্ষে শুক্রবার মধ্য হাওড়া যুব তৃণমূলের উদ্যোগে একটি প্রস্তুতি সভা হল। উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী অরূপ রায়, হাওড়া সদর যুব তৃণমূলের সভাপতি কৈলাশ মিশ্র, মধ্য হাওড়া যুব তৃণমূলের সভাপতি অভিষেক চ্যাটার্জি, প্রাক্তন কাউন্সিলর শ্যামল মিত্র সহ দলের আরও অনেকে। সভায় সমবায়মন্ত্রী অরূপ রায় বলেন, '২১শে জুলাইয়ের সমাবেশে হাওড়া থেকে রেকর্ড সংখ্যক জমায়েত হবে। তার প্রস্তুতি জেলা জুড়ে জোরকদমে শুরু হয়ে গেছে। শহরের বিভিন্ন এলাকায় এই সমাবেশ নিয়ে পোস্টারিং হয়েছে। পঞ্চায়েত ভোট মিটলেই গ্রামীণ এলাকাতেও বুথভিত্তিক প্রস্তুতি সেড়ে ফেলা হবে। এখন সমস্ত শহর এলাকায় প্রস্তুতি চলছে। আর ১৪ দিন বাকি আছে। এই সমাবেশে মানুষের ভিড় উপচে পড়বে। আমাদের দল ইতিমধ্যেই ঠিক করেছে ২১ শে জুলাই পঞ্চায়েত ভোটের বিজয় সমাবেশও হবে। এই সমাবেশকে ঘিরে হাওড়ায় দলীয় কর্মীদের উৎসাহ তুঙ্গে।' হাওড়া সদরের যুব তৃণমূলের সভাপতি কৈলাশ মিশ্র জানান, 'প্রতিটি বিধানসভাতেই ২১ শে জুলাইয়ের সমাবেশের প্রস্তুতি সভা হবে।'

জবাব চাইল কোর্ট

মৃত পুলিশকর্মীর পরিবার পেনশন না পাওয়ায়, হাওড়া জেলা পুলিশের ভূমিকায় বিরক্ত কলকাতা হাইকোর্ট। অভিযোগ, আড়াই দশক কেটে গেলেও হাওড়ার মৃত কনস্টেবলের পরিবার ফ্যামিলি পেনশন পায়নি। এই নিয়ে মামলার শুনানিতে বিরক্ত বিচারপতি দেবাংশু বসাকের ডিভিশন বেঞ্চ তলব করে স্বরাষ্ট্র দপ্তরের যুগ্ম সচিব এবং হাওড়া গ্রামীণ জেলার পুলিশ সুপারকে। বৃহস্পতিবার বিচারপতি জানিয়ে দেন, তাঁদের আসতে হবে নিজেদের খরচে, নেওয়া যাবে না সরকারি পরিবহণ। ওই মৌখিক নির্দেশে তড়িঘড়ি শুক্রবার সকালেই সরকারি গাড়ির বদলে বেসরকারি বাসে চড়ে হাইকোর্টে আসেন স্বরাষ্ট্র দপ্তরের যুগ্ম সচিব।

টাইড ওয়াটার অয়েল কোং (ইন্ডিয়া) লিমিটেড
রেজিস্টার্ড অফিস: ইউল হাউস
৮, ডাঃ রাজেন্দ্র প্রসাদ সরণি | কলকাতা ৭০০ ০০১
ফোন: ০৩৩-৭১২৫ ৭৭০০ ফ্যাক্স: ০৩৩-২২৪২ ১০৮৭
ই-মেল: tidecal@veedol.com
ওয়েবসাইট: www.veedolindia.com
সিআইএন: এল২৩২০৯ডব্লিউবি১৯২১পিএলসি০০৪৩৫৭

সংশোধনী

৬ই জুলাই, ২০২৩ তারিখে প্রকাশিত ইনভেস্টর এডুকেশন এন্ড প্রোটেকশন ফান্ড বিজ্ঞপ্তির শেষে ভুল তারিখ অর্থাৎ ৫ই জুলাই, ২০২৩ উল্লেখ করা হয়েছে। এই তারিখকে ৬ই জুলাই, ২০২৩ হিসেবে গণ্য করতে হবে।

পর্ষদের অনুমত্যানুসারে
টাইড ওয়াটার অয়েল কোং (ইন্ডিয়া) লিঃ-এর পক্ষে
স্বা/-
(সপ্তর্ষি গাঙ্গুলি)
কোম্পানি সেক্রেটারি
এফ১২৪১৬

স্থান : কলকাতা
তারিখ : ৭ই জুলাই, ২০২৩

পঞ্জাব নৈশনল বৈংক ...भरोसे का प्रतीक ! punjab national bank ...the name you can BANK upon !

সার্কেল অফিস: কলকাতা (সাউথ), দশম তল, ইউনাইটেড টাওয়ার, ১১, হেমন্ত বসু সরণি, কলকাতা- ৭০০০০১, ই-মেল: cokolsouthgad@pnb.co.in

প্রেমিসেস আবশ্যক

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক এটিএম স্পেস-সহ ১২০০ থেকে ১৫৪০ বর্গফুট কার্পেট এরিয়া বিশিষ্ট ইতিমধ্যেই নির্মিত এবং ভাল নির্মাণযুক্ত হল টাইপ বিল্ডিং ইজারাভাড়ার ভিত্তিতে নিতে আগ্রহী। প্রেমিসেসটি নিম্নলিখিত স্থানে অগ্রাধিকার ভিত্তিতে প্রথম তলে হতে হবে:

ব্রাঞ্চের নাম	পছন্দের স্থান	প্রয়োজনীয় কার্পেট এরিয়া (এটিএম সহ)
গার্ডেনরিচ	পাহাড়পুর রোড, বান্দাওয়ারতলা মোড়, গার্ডেনরিচ, কোল ৭০০০২৪	১২০০ ১৫৪০ বর্গফুট
ই এম বাইপাস	১৮ কালীতলা মেইন রোড, রুচিরা রেসিডেন্সি নিকটে কলকাতা ৭০০০৭৮	১২০০ ১৫৪০ বর্গফুট
লেক গার্ডেন্স	লেকগার্ডেন্স, প্রিন্স আনোয়ার শাহ রোড, লেকগার্ডেন্স রেল স্টেশনের ৩ নং রেলগেট এর কাছে	১২০০ ১৫৪০ বর্গফুট

বিধিবদ্ধ কর্তৃপক্ষের থেকে প্রস্তাবিত প্রেমিসেসের যাবতীয় ছাড়পত্র থাকা আবশ্যক। কাঙ্ক্ষিত এলাকায় এই ধরনের প্রেমিসেসের যে সকল আগ্রহী স্বত্বাধিকারী বা রেজিস্টার্ড পাওয়ার অফ অ্যাটর্নি ধারকগণ তাঁদের প্রাপ্তব্য প্রেমিসেস অগ্রাধিকার ভিত্তিতে ১৫ বছর বা তারও বেশি সময়সীমার জন্য দীর্ঘমেয়াদি ইজারায় দিতে ইচ্ছুক, তাঁরা উক্ত ঠিকানায় প্রাপ্তব্য আকারে তাঁদের প্রস্তাব পাঠাতে পারেন। যথাযথভাবে পূরণ করা ও স্বাক্ষরিত পূর্ণাঙ্গ প্রস্তাব খামে ভরে মুখবন্ধ অবস্থায় উপরিলিখিত ঠিকানায় নিম্নস্বাক্ষরকারীর কাছে সর্বশেষ ১৫ জুলাই, ২০২৩ তারিখ বিকেল ৫.০০টার মধ্যে জমা পড়তে হবে। ব্যাঙ্কের তরফে কোনও ব্রোকারেজ দেওয়া হবে না। কোনও কারণ না দেখিয়ে যে কোনও বা সমস্ত প্রস্তাব গ্রহণ বা বাতিলের একচ্ছত্র অধিকার ব্যাঙ্কের থাকবে।

স্থান: কলকাতা , তারিখ: ০৮.০৭.২০২৩ স্বাঃ সার্কেল হেড, সার্কেল অফিস, কলকাতা সাউথ

ADITYA BIRLA CAPITAL PROTECTING INVESTING FINANCING ADVISING

আদিত্য বিড়লা ফিনান্স লিমিটেড

রেজিস্টার্ড অফিস: ইন্ডিয়ান রেয়ন কম্পাউন্ড, ভেরাভাল, গুজরাট ৩৬২২৬৬
ব্রাঞ্চ অফিস: কক্ষ নং ৪০১, ফোর্থ ফ্লোর, ক্যামাক স্কোয়ার, ২৪, ক্যামাক স্ট্রিট, কলকাতা-৭০০০১৬

সংশোধনী

আদিত্য বিড়লা ফিনান্স লিমিটেডের অনুমোদিত আধিকারিক হিসাবে দুইটি স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য দি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ রুল ৮(৬) সঙ্গে পঠিতব্য রুল ৯(১) অধীনে একটি ই অকশন বিক্রয় বিজ্ঞপ্তি জারি করেছিলেন ঋণগ্রহীতাগণ (১) পি সি দে অ্যান্ড সন ডিস্ট্রিবিউটরস প্রাইভেট লিমিটেড (ঋণগ্রহীতা) (ডিরেক্টরগণ মাধ্যমে) (২) শ্রীমতী মিনু দে (জামিনদার) (৩) শ্রী পরেশ চন্দ্র দে (জামিনদার) (৪) শ্রী অমিতাভ দে (জামিনদার) (৫) শ্রীমতী সুস্মিতা দে দত্ত (জামিনদার) ক্ষেত্রে যা দুইটি সংবাদপত্র যথা টেলিগ্রাফ এবং আজকাল এর কলকাতা সংস্করণে প্রকাশিত হয়েছিল ৪ জুলাই, ২০২৩ তারিখে। ওই স্থানে দুইটি সম্পত্তির সংরক্ষিত মূল্য (যথা সম্পত্তি ১ এবং সম্পত্তি ২) ভুলক্রমে উল্লিখিত হয়েছিল ₹৮,২৪,০০,০০০/ (আট কোটি চব্বিশ লক্ষ টাকা মাত্র) একত্রিতভাবে; ওই বিবৃতি অগ্রাহ্য করে ঠিকভাবে পড়তে হবে ₹৫,৫৫,৫৭,৪৮৫/ (পাঁচ কোটি পঞ্চান্ন লক্ষ সাতান্ন হাজার চারশো পঁচাশি টাকা মাত্র) সম্পত্তি ১ ক্ষেত্রে এবং ₹২,৬৭,৯২,৫১৫/ (দুই কোটি সাতষট্টি লক্ষ বিরানব্বই হাজার পাঁচশো পনেরো টাকা মাত্র) সম্পত্তি ২ ক্ষেত্রে। আরও ''নির্দেশ জমা'' একত্রিতভাবে উল্লেখ করা হয়েছিল ₹৮২,৪০,০০০/ (বিরাশি লক্ষ চল্লিশ হাজার টাকা মাত্র); ওই বিবৃতি অগ্রাহ্য করে ঠিকভাবে পড়তে হবে ₹৫৫,৫৫,৭৪৮.৫/ (পঞ্চান্ন লক্ষ পঞ্চান্ন হাজার সাতশো আটচল্লিশ টাকা ও পাঁচ পয়সা মাত্র) সম্পত্তি ১ ক্ষেত্রে এবং ₹২৬,৭৯,২৫১.৫/ (ছাব্বিশ লক্ষ উনআশি হাজার দুইশো একান্ন টাকা ও পাঁচ পয়সা মাত্র) সম্পত্তি ২ ক্ষেত্রে। নির্ধারিত ই অকশানের সূচি ছিল ২৪ জুলাই, ২০২৩ যা অগ্রাহ্য করে ঠিকভাবে পড়তে হবে ২৬ জুলাই, ২০২৩। বিজ্ঞপ্তি অন্যান্য বিষয় অপরিবর্তিত।

স্বা/
অনুমোদিত আধিকারিক
আদিত্য বিড়লা ফিনান্স লিমিটেড
যোগাযোগ নং: ৯৫০৩১৯৮১১৪

HDB FINANCIAL SERVICES

এইচডিবি ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড

রেজিস্টার্ড অফিস: রাধিকা, তৃতীয় তল, ল গার্ডেন রোড, নওরংপুরা, আহমেদাবাদ- ৩৮০০০৯, গুজরাট, ব্রাঞ্চ: ২৮৫/৪, এপিসি রোড, মানিকতলা, ছায়া সিনেমার বিপরীতে, কলকাতা-৭০০০০৬, পশ্চিমবঙ্গ

''সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তি''

নিম্নোক্ত ঋণগ্রহীতাগণ, সহ ঋণগ্রহীতাগণ এবং জামিনদারগণ স্থাবর সম্পত্তিসমূহ (জামিনসমূহ) বন্ধক রাখার বিনিময়ে এইচডিবি ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড এর থেকে ঋণের সুবিধা(সমূহ) গ্রহণ করেছিলেন। আপনারা আর্থিক শৃঙ্খলা বজায় রাখেননি এবং উক্ত ঋণ পরিশোধে খেলাপ করেছেন। খেলাপকারী হওয়ার কারণে আপনাদের ঋণ অনুৎপাদক পরিসম্পদ (এনপিএ) হিসেবে শ্রেণিবদ্ধ হয়েছে। আপনাদের গৃহীত ঋণের পরিশোধ সুরক্ষিত রাখার জন্য নিম্নবর্ণিত জামিনগুলির প্রেক্ষিতে জামিনস্বার্থ তৈরি করা হয়েছিল। এইচডিবি এর বকেয়া পাওনা পুনরুদ্ধারের অধিকার থাকায় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৩(১) সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ ('উক্ত অ্যাক্ট') এর ১৩(২) ধারাধীনে এই দাবি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যার মূল প্রতিপাদ্য বিষয়গুলি আপনাদের অবগত করানোর বিকল্প উপায় হিসেবে এখানে প্রকাশিত হল। ঋণগ্রহীতাগণ, সহ ঋণগ্রহীতাগণ, জামিনদারগণ, জামিন, অনাদায়ী বকেয়া, ১৩(২) ধারাধীনে প্রেরিত দাবি বিজ্ঞপ্তি এবং উক্ত দাবি বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক ইত্যাদি বিশদ তথ্য এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

১. ঋণগ্রহীতা এবং সহ ঋণগ্রহীতাগণের নাম: মেসার্স খৈতান রিসোর্সেস প্রাইভেট লিমিটেড এবং স্টিক মার্কেটিং প্রাইভেট লিমিটেড ১৩ বি বি গাঙ্গুলি স্ট্রিট, লেকেন্ড ফ্লোর, কলকাতা, ব্যাঙ্কশাল ৭০০০১২ রাজকুমার খেতান, রেখা খেতান, সরোবার কুমার খেতান ১৮/১এ হিন্দুস্থান রোড ফ্ল্যাট ২এ, পোঃ রাসবিহারি, থানা গড়িয়াহাট, কলকাতা ৭০০০২৯ এবং মেসার্স খৈতান রিসোর্সেস প্রাইভেট লিমিটেড গ্রাউন্ড ফ্লোর, সামনের দিকে অবন্তিকা অ্যাপার্টমেন্ট, প্রেমিসেস নং ১৪০বি শরৎ বোস রোড, থানা লেক, ওয়ার্ড নং ৮৫ কলকাতা ৭০০০২৯, লোন অ্যাকাউন্ট নম্বর ৮৩২৬৭০, ঋণ মঞ্জুরির বিশদ ₹ ১৬৩০৬৮৫৫/ (এক কোটি তেষট্টি লক্ষ ছয় হাজার আটশো পঞ্চান্ন টাকা মাত্র)। সুরক্ষার বিশদ: সম্পত্তি ১: সামনের দিকে রাস্তামুখী চিহ্নিত গ্রাউন্ড ফ্লোরের অংশ ৮৪৮ বর্গফুট (সমতুল্য ৭৮.০৩৮ বর্গমিটার বিল্টআপ পরিমাপ) যার বিল্ডিং প্রেমিসেস নং ১৪০বি শরৎ বোস রোড এবং প্রেমিসেস নং ১৪০বি শরৎ বোস রোড কলকাতা স্থানের জমির অবিভাজ্য আনুপাতিক অংশ যা ওপরে প্রথম সূচিতে বিবৃত। ডিড অফ কনভেয়েন্স নথিভুক্ত বুক নং ১, ভলিউম নং ১, পৃষ্ঠা ১ থেকে ২৪ বিং নং ২১৫০ সাল ২০০৩। সুরক্ষার বিশদ: গ্রাউন্ড ফ্লোরে চিহ্নিত পূর্ব অংশে অবস্থিত ১৪০বি শরৎ বোস রোড, কলকাতা, সিএমসি ওয়ার্ড নং ৮৫, থানা টালিগঞ্জ এবং এসআর আলিপুর যা সংযুক্ত নকশাতে লাল চিহ্নিত সহ প্রেমিসেস ১৪০বি শরৎ বোস রোড কলকাতার অবিভাজ্য আনুপাতিক জমির অংশ। উক্ত ডিড অফ কনভেয়েন্স নথিভুক্ত বুক নং ১, ভলিউম নং ১, পৃষ্ঠা ১ ১৮ বিং নং ২১৪৮ সাল ২০০৩ এনপিএ তারিখ ০৪ ০৭ ২০১৭ দাবি বিজ্ঞপ্তির তারিখ ৩০.০৬.২০২৩। দাবির অর্থাঙ্ক ₹৪০,৪০৭,৬৮৪.৬৪ (চার কোটি চার লক্ষসাত হাজার ছয়শো চুরাশি টাকা ও চৌষট্টি পয়সা মাত্র) ২৯ ০৬ ২০২৩ অনুযায়ী সহ পরিশোধ পর্যন্ত ভবিষ্যতের চুক্তিবদ্ধহারে সুদ সহ আনুষঙ্গিক খরচ, খরচ মাশুল ইত্যাদি।

অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, এইচডিবি এর আগাম লিখিত অনুমোদন ছাড়া উপরোক্ত সুরক্ষিত সম্পত্তি(গুলি) যে কোনও উপায়ে হস্তান্তরে আপনাদের নিষেধ করা হচ্ছে। কোনও ব্যক্তি উক্ত অ্যাক্ট বা উক্ত রুলসমূহের সংস্থানসমূহের পরিপন্থী কাজ করলে বা লঙ্ঘন করলে উক্ত অ্যাক্টের সংস্থানাধীনে জেল এবং/বা জরিমানার সম্মুখীন হতে পারেন। পাশাপাশি, আপনারা যদি উপরোক্তমতো অর্থাঙ্ক এইচডিবি কে আদায় দিতে ব্যর্থ হন, সেক্ষেত্রে উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারা ও প্রযোজ্য রুলসমূহের সংস্থান অনুযায়ী এইচডিবি উপরিলিখিত সুরক্ষিত সম্পত্তি(গুলি)র বিরুদ্ধে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবে যারঝুঁকি ও মাশুল পুরোপুরি আপনাদের ওপরেই বর্তাবে। এতদ্দ্বারা উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য মেয়াদের মধ্যে উপরিলিখিত সুরক্ষিত সম্পত্তি(গুলি) ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ/সহ ঋণগ্রহীতাগণ/ বন্ধকদাতাগণের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে। কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে কিংবা নিষ্পত্তির জন্য অনুগ্রহপূর্বক এই ব্যক্তিগণের সঙ্গে যোগাযোগ করতে পারেন: মিঃ বিদ্যুৎ মজুমদার, মোবাইল: ৯০০৭১৭৭৭৪৬ বা শ্রীমতী পূজা শুর, la.maniktala@hdbfs.com, এইচডিবি ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড।

স্থান: কলকাতা
তারিখ: ০৮.০৭.২০২৩

এইচডিবি ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড এর পক্ষে
অনুমোদিত আধিকারিক

পশ্চিমবঙ্গ রাজ্য নির্বাচন কমিশন

১৮, সরোজিনী নাইডু সরণী (রডন স্ট্রিট), কলকাতা- ৭০০০১৭

পশ্চিমবঙ্গ পঞ্চায়েত সাধারণ নির্বাচন, ২০২৩, ভোটারদের প্রতি আবেদন

ভোটের দিন: ৮ জুলাই, ২০২৩
সময়: সকাল ৭টা থেকে ৫টা

নির্বাচনে অংশগ্রহণ গণতন্ত্রকে সুদৃঢ় করে।
আসন্ন সাধারণ নির্বাচনে পছন্দের প্রার্থীকে নির্ভয়ে ভোট দিন।

ICA- N350(12)/2023

ব্যাঙ্ক অফ ইন্ডিয়া Bank of India BOI Relationship beyond banking

ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

অ্যাসেট রিকভারি ব্রাঞ্চ
কলকাতা জোন
৫, বিটিএম সরণি, তৃতীয় তল, কলকাতা-৭০০০০১

রেজিস্টার্ড ঠিকানা:
প্রতি,
মেসার্স আর্চল্যান্ড হোটেল প্রাইভেট লিমিটেড
চ্যাটার্জি ইন্টারন্যাশনাল সেন্টার
৩৩এ, জওহরলাল নেহরু রোড
ষোড়শ তল, রুম নং ১৪এ, কলকাতা-৭০০০৭১

ইউনিটের ঠিকানা:
হোটেল: সরমস্তারচক, পৈলান (জোকা)
ডায়মণ্ড হারবার রোড
জেলা- দক্ষিণ ২৪ পরগনা

মহাশয়,

বিষয়: সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর ১৩(২) ধারাধীনে বিজ্ঞপ্তি

১. আপনাদের অনুরোধে ব্যাঙ্কের তরফে আপনাদের প্রতি সর্বমোট ₹৫,৩২,০০,০০০/- অর্থমূল্যের বিবিধ ঋণের সুবিধা মঞ্জুর করা হয়েছিল। এখানে নীচে আমরা আমাদের তরফে আপনাদের প্রতি মঞ্জুর করা ঋণের সুবিধা সংক্রান্ত বিস্তারিত তথ্য এবং এই বিজ্ঞপ্তির তারিখে আপনাদের থেকে বকেয়া অর্থাঙ্কের তথ্যাবলিও দিলাম:

ক্রম	সুবিধার প্রকৃতি	মঞ্জুরকৃত সীমা (টাকার অঙ্কে)	অনাদায়ী বকেয়া (টাকার অঙ্কে)
(ক)	টার্ম লোন	₹৪,৩০,০০,০০০.০০	₹৯,৫২,৮১,৪৯৫.২৭
(খ)	টার্ম লোন	₹১,০২,০০,০০০.০০	₹৭৬,০২,২১৪.৯১
	মোট	₹৫,৩২,০০,০০০.০০	₹১০,২৮,৮৩,৭১০.১৮

২. এই ব্যাঙ্কের তরফে আপনাদের প্রতি মঞ্জুর করা উপরোক্ত ঋণের সুবিধাগুলি এখানে নীচে লেখা পরিসম্পদ/জামিনগুলি দ্বারা জামিনযুক্ত রয়েছে (ব্যাঙ্কে দায়বদ্ধ সম্পত্তি/পরিসম্পদের বিবরণ):

ক) প্ল্যান্ট, যন্ত্রপাতি, সরঞ্জাম সহ জমি ও বাড়ির সমবন্ধক এবং অস্থাবর পরিসম্পদ ও অন্যান্য স্থায়ী পরিসম্পদের রেহানবন্ধক যার অবস্থান: জেলা- দক্ষিণ ২৪ পরগনা, থানা ও সাব রেজিস্ট্রি অফিস- বিষ্ণুপুর, পরগনা- মাগুরা, মৌজা- সরমস্তারচক গ্রাম, তৌজি নং ৩৫১/বি/১, জে এল নং ১৭, আর এস নং ৩২৭, খতিয়ান নং ২৯, দাগ নং ৭৮, ১৭.০২.১৯৮৮ তারিখের স্বত্বদলিল নং ৯০০/১৯৮৮, জমির পরিমাপ ২৪ ডেসিমেল, সম্পত্তির স্বত্বাধিকারী প্রয়াত অজিত কুমার শীল।

খ) প্ল্যান্ট, যন্ত্রপাতি, সরঞ্জাম সহ জমি ও বাড়ির সমবন্ধক এবং অস্থাবর পরিসম্পদ ও অন্যান্য স্থায়ী পরিসম্পদের রেহানবন্ধক যার অবস্থান: জেলা- দক্ষিণ ২৪ পরগনা, থানা ও সাব রেজিস্ট্রি অফিস- বিষ্ণুপুর, পরগনা- মাগুরা, মৌজা- সরমস্তারচক গ্রাম, তৌজি নং ৩৫১/বি/১, জে এল নং ১৭, আর এস নং ৩২৭, খতিয়ান নং ২৯, দাগ নং ৭৮, ১৭.০২.১৯৮৮ তারিখের স্বত্বদলিল নং ৯০১/১৯৮৮, জমির পরিমাপ ২২ ডেসিমেল, সম্পত্তির স্বত্বাধিকারিণী সাধনা শীল।

গ) প্ল্যান্ট, যন্ত্রপাতি, সরঞ্জাম সহ জমি ও বাড়ির সমবন্ধক এবং অস্থাবর পরিসম্পদ ও অন্যান্য স্থায়ী পরিসম্পদের রেহানবন্ধক যার অবস্থান: জেলা- দক্ষিণ ২৪ পরগনা, থানা ও সাব রেজিস্ট্রি অফিস- বিষ্ণুপুর, পরগনা- মাগুরা, মৌজা- সরমস্তারচক গ্রাম, তৌজি নং ৩৫১/বি/১, জে এল নং ১৭, আর এস নং ৩২৭, খতিয়ান নং ৫৮, আর এস খতিয়ান নং ৯৪, সি এস এবং আর এস দাগ নং ৭৭, ১৪.০৫.১৯৯৮ তারিখের স্বত্বদলিল নং ১০৫২/১৯৯৮, জমির পরিমাপ ৩২.১০ ডেসিমেল, সম্পত্তির মালিকানা আর্চল্যান্ড রিসর্ট অ্যান্ড হোটেল প্রাঃ লিঃ এর নামে।

ঘ) প্ল্যান্ট, যন্ত্রপাতি, সরঞ্জাম সহ জমি ও বাড়ির সমবন্ধক এবং অস্থাবর পরিসম্পদ ও অন্যান্য স্থায়ী পরিসম্পদের রেহানবন্ধক যার অবস্থান: জেলা- দক্ষিণ ২৪ পরগনা, থানা ও সাব রেজিস্ট্রি অফিস- বিষ্ণুপুর, পরগনা- মাগুরা, মৌজা- সরমস্তারচক গ্রাম, তৌজি নং ৩৫১/বি/১, জে এল নং ১৭, ডায়মণ্ড হারবার রোড, সাবেক [illegible]